

স্বাধীনতা মানেই...

(উৎসর্গ: বেলার বেগ এবং আরো অনেককে যাঁরা স্বাধীনতার মানেটাকে এখনো খুঁজছেন)

আদনান সৈয়দ

স্বাধীনতা মানেই গণতন্ত্রের নামে ষড়যন্ত্রের খেলা
স্বাধীনতা মানেই রাজাকার আর লুটপাটদের মেলা
স্বাধীনতা মানেই বাক স্বাধীনতা চিরতরে হয় জব্দ
স্বাধীনতা মানেই আম জনতা আর বিশ্ব বিবেক স্তব্ধ!
স্বাধীনতা মানেই বানে ভাসা মানুষ নিত্য হাহাকার
স্বাধীনতা মানেই প্রেসনোট আর সরকারি সমাচার
স্বাধীনতা মানেই শিক্ষকের চোখ কালো কাপড়ে বন্দ
স্বাধীনতা মানেই পররাষ্ট্রনীতি কূট ষড়যন্ত্রের গন্ধ!
স্বাধীনতা মানেই ক্ষুদার জ্বালায় কিশোরী প্রমোদবালা
স্বাধীনতা মানেই শকুনের গলায় বিজয়ের প্রিয় মালা

(adnansyed1@gmail.com, 8/28/07, New York)